দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 2 6 MAY 2016 ..
পৃষ্ঠা ...১৪... কলাম...২ ... ......

# ইস্ট ওয়েস্ট ভার্সিটিতে কর্মশালা

উচ্চশিক্ষায় মান উন্নয়নের লক্ষ্যে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কোয়ালিটি এসুরেন্স সেল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের নওশের আলী লেকচার থিয়েটারে এক কর্মশালার আয়োজন করে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর ড. মোহাম্মদ ফরাস উদ্দিনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম এম শহিদুল হাসান।

বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশন (ইউজিসি'র) কোয়ালিটি এসুরেন্স ইউনিটের প্রধান অধ্যাপক ড. মেজবাহ উদ্দিন আহমেদ, ইউজিসি'র কোয়ালিটি এসুরেন্স ইউনিটের বিশেষজ্ঞ অধ্যাপক ড. এম আবুল কাশেম এবং অধ্যাপক ড. সঞ্জয় কুমার অধিকারী। -বিজ্ঞপ্তি